চুয়াডাঙ্গায় মাদক মামলায় এক ব্যক্তির যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাদক মামলায় এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে ৫ হাজার টাকা জরিমানা। চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ শিমুল কুমার বিশ্বাস আজ রোববার দুপুরে এ রায় দেন।

সাজা পাওয়া ব্যক্তির নাম জালাল মালিথা (৪৬)। তিনি চুয়াডাঙ্গা সূদর উপজেলার কানাপুকুর পাড়ার মৃত আলতাফ হোসেন মালিথার ছেলে ।

আদালত ও মামলার এজাহার সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা সদরের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশের একটি দল ২০২১ সালের ২৮ শে মার্চ জালাল মালিথাকে ৮৯৯ বুনোফ্রেইন সহ আটক করে। এ ঘটনায় জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট (মোঃ ফিরোজ হোসেন) বাদী হয়ে ওই দিন চুয়াডাঙ্গা সদর থানায় মামলা করেন।

মেহেরপুরে হেরোইন সেবনের দায়ে দুইজনের ৬ মাসের কারাদণ্ড

মেহেরপুরে মাদকবিরোধী মোবাইল কোর্টের অভিযানে হেরোইন সেবনের দায়ে দুইজনকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) মেহেরপুর সদর থানার গুচ্ছগ্রাম এলাকার রেনুকার লিচুবাগানে এ অভিযান পরিচালনা করা হয়।

দণ্ডপ্রাপ্তরা হলেন, মেহেরপুরের মিয়াপাড়া এলাকার মৃত আব্দুল্লাহর ছেলে মো. মিকাইল ইসলাম (৩১) এবং রামদাসপুর এলাকার মো. শহিদুল ইসলামের ছেলে মো. হুসাইন (২০)।

মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার শাকির আহম্মেদের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় এ অভিযান পরিচালনা করে। এ সময় তাঁদের কাছ থেকে এক গ্রাম গলিত হেরোইন উদ্ধার করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালত মাদকদ্রব্য সেবনের দায়ে আটক দুজনকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং প্রত্যেককে ১০০ টাকা করে অর্থদণ্ড প্রদান করেন।

অভিযানে মামলার বাদী হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেল আহমেদ ও উপপরিদর্শক মো. রহমত আলী দায়িত্ব পালন করেন।

মহেশপুর সীমান্তে বিজিবি’র অভিযানে ভারতীয় সিরাপ ও কীটনাশক আটক

ঝিনাইদহের মহেশপুরের সীমান্ত থেকে চোরাচালানীকৃত সিরাপ ও কীটনাশক মালামাল আটক করেছে বিজিবি।

বুধবার (৩০ সেপ্টেম্বর) ‘মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান স্বাক্ষরিত এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গত ২৯ সেপ্টেম্বর বিকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ রাজপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার-৭১/৯-এস হতে আনুমানিক ২০ গজ বাংলাদেশের অভ্যন্তরে রাজাপুর গ্রামের আল আমিনের আখ ক্ষেতের পাশে হাবিলদার আব্দুল জলিল মোল্লার নেতৃত্বে নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৪৮ বোতল ভারতীয় সিরাপ (ডরহ ঈবৎবী ঈড়ঁময ঝুৎঁঢ়) আটক করা হয়।

এছাড়া একই দিন দুপুর ১টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ গয়েশপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬৯-এমপি হতে আনুমানিক ১০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে গয়েশপুর গ্রামের উত্তরপাড়া মাঠের জাহাঙ্গীর এর আম বাগানের মধ্য হতে নায়েক

মোঃ লুৎফর এর নেতৃত্বে নিয়মিত চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ভারতীয় ৪৩ প্যাকেট কীটনাশক উদ্ধার করা হয়।

বিজ্ঞপ্তিতে জানা যায়, উদ্ধারকৃত মালামাল বিজিবির সংরক্ষণাগারে জমা দেওয়া হয়েছে।

গাংনীর দুটি সীমান্তে ৮ লাখ ৮১ হাজার টাকার ভারতীয় মালামাল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার দুটি সীমান্তে অভিযান চালিয়ে ৮ লাখ ৮১ হাজার ২৪৫ টাকা মূল্যের ভারতীয় মালামাল উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

আজ বুধবার (৩০ সেপ্টেম্বর) ভোরে শেওড়াতলা ও রংমহল সীমান্তে পৃথক অভিযান চালায় বিজিবির টহল দল। এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন ৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ রাশেদ কামাল রনি।

শেওড়াতলা পুকুরপাড় এলাকা থেকে মালিকবিহীন অবস্থায় ৯৫ বোতল ভারতীয় ফেয়ারডিল সিরাপ উদ্ধার করা হয়। এর আনুমানিক সিজার মূল্য ৩৮ হাজার টাকা।

অন্যদিকে, রংমহল সীমান্ত এলাকা থেকে ২ হাজার ৮০০ পিস ভারতীয় ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৫৯ প্যাকেট পাতার বিড়ি উদ্ধার করা হয়। এসব পণ্যের আনুমানিক সিজার মূল্য ৮ লাখ ৪৩ হাজার ২৪৫ টাকা।

উদ্ধার করা মালামাল গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে ৬ গ্রাম হেরোইন ও নগদ টাকাসহ নারী গ্রেপ্তার

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর নতুন গ্রামের মসজিদপাড়া এলাকা থেকে ৬ গ্রাম হেরোইন ও মাদক বিক্রির ৫ হাজার ৭৫০ টাকা উদ্ধারসহ নাজমা খাতুন ওরফে খুশি খাতুন (৩৮) নামে এক নারীকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ।

গতকাল সোমবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টার দিকে চকশ্যামনগর এলাকার একটি বসতবাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার নাজমা খাতুন ওই এলাকার সমিরুল ইসলাম ওরফে আজিলের স্ত্রী।

পুলিশের অভিযানে তার কাছ থেকে ৬ গ্রাম হেরোইন ও নগদ ৫ হাজার ৭৫০ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।
জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন জেলার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

গাংনীতে ৮০ পিস ইয়াবাসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৮০ পিস ইয়াবাসহ সাকিব আল হাসান
(৩৭) নামে এক ব্যক্তিকে আটক করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন এসআরবি-১২।

রোববার দুপুরে উপজেলার তেরাইল বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক সাকিব আল হাসান গাংনী উপজেলার অলিনগর গ্রামের সাইফুল ইসলামের

ছেলে।

এসআরবি-১২ প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান, তেরাইল বাজার এলাকায় মাদক নিয়ে এক ব্যক্তি অবস্থান করছে—এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। এ সময় সাকিব আল হাসানকে আটক করে তার কাছ থেকে ৮০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

মেহেরপুর সিপিসি-৩, এসআরবি-১২ ক্যাম্পের কোম্পানি কমান্ডার সহকারী পুলিশ সুপার হান্নান হাওলাদার জানান, উদ্ধার করা ইয়াবাসহ আটক ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা করা হয়েছে। পরে তাকে গাংনী থানায় হস্তান্তর করা হয়।

স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এস আর বি) প্রতিষ্ঠাকালীন সময় থেকেই দেশের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে সব ধরণের অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। জঙ্গী, সন্ত্রাসী, সংঘবদ্ধ অপরাধী, ছিনতাইকারী, জুয়ারি, মাদক ব্যবসায়ী, খুন, এবং অপহরণসহ বিভিন্ন চাঞ্চল্যকর মামলার আসামী গ্রেফতারে এস আর বি নিয়মিত অভিযান চালিয়ে আসছে।

দর্শনায় সন্দেহভাজন গাড়িতে তল্লাশি, ৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া এলাকায় একটি সন্দেহভাজন গাড়িতে তল্লাশি চালিয়ে ৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার করেছে স্থানীয় মাদকবিরোধী যুবসমাজ। তবে অভিযানের উপস্থিতি টের পেয়ে কথিত মাদক ব্যবসায়ী ঘটনাস্থল থেকে কৌশলে পালিয়ে যায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রাতে আকন্দবাড়িয়া এলাকায় একটি গাড়ির গতিবিধি সন্দেহজনক মনে হলে মাদকবিরোধী যুবসমাজের সদস্যরা গাড়িটিতে তল্লাশি চালান। এ সময় গাড়ির ভেতরে থাকা একটি ব্যাগ থেকে

৩৫ পিস স্ক্যাফ সিরাপ উদ্ধার করা হয়।

তল্লাশির বিষয়টি টের পেয়ে গাড়ির চালক বা গাড়িতে থাকা কথিত মাদক ব্যবসায়ী দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বলে স্থানীয়রা জানান।

এলাকাবাসী জানান, সীমান্তবর্তী এলাকা হওয়ায় আকন্দবাড়িয়াসহ দর্শনার বিভিন্ন রুটে মাদক চোরাকারবারিদের তৎপরতা রোধে তরুণরা দীর্ঘদিন ধরে সোচ্চার ভূমিকা পালন করে আসছেন।

অভিযানে উদ্ধার করা মাদক থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে। পলাতক ব্যক্তিকে শনাক্ত ও গ্রেপ্তারে দর্শনা থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে জানা গেছে।

মুজিবনগরে ৪ পিস ইয়াবাসহ ২ মাদক কারবারী আটক

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ৪ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। গতকাল শুক্রবার (১৮ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮ টার দিকে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারের ওয়ালটন শোরুমের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটক ব্যক্তিরা হলেন উপজেলার পুরন্দরপুর গ্রামের মৃত আবু বক্কর এর ছেলে

আব্দুল ওহাব মল্লিক (৫১) এবং দারিয়াপুর গ্রামের মৃত শ্রী শম্ভু দাস এর ছেলে শ্রী হৃদয় দাস (২৩)।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই বিল্লাল হোসেনের নেতৃত্বে এএসআই মিলন, মুন্না ও জাহিদ অভিযান পরিচালনা করে তাদের আটক করে। এ সময় তল্লাশী করে তাদের কাছ থেকে ৪ পিস ইয়াবা টেবলেট উদ্ধার করা হয়। পরে আটক দুজনকে মুজিবনগর থানায় নিয়ে যাওয়া হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উত্তম কুমার দাস ঘটনার

সত্যাতা স্বীকার করে জানান এ ঘটনায় আটক কৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন ।

দামুড়হুদায় গাঁজাসহ যুবক আটক, ৩ মাসের কারাদণ্ড

দামুড়হুদায় ৩ গ্রাম গাঁজাসহ নাজমুল হোসেন (৩০) নামে এক যুবককে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। পরে তাকে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য আদালতে সোপর্দ করা হলে

বিজ্ঞ আদালত তাকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। শুক্রবার তাকে চুয়াডাঙ্গার বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

গ্রেপ্তার নাজমুল হোসেন দামুড়হুদা পুরাতন বাজারপাড়ার মৃত আবুল হোসেনের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের সার্বিক দিকনির্দেশনায় এবং দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিনের তত্ত্বাবধানে ১৭ সেপ্টেম্বর রাত ১১টার দিকে এসআই মাহবুল হক বিশেষ অভিযান পরিচালনা করছিলেন।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, দামুড়হুদা থানাধীন খানপাড়া গ্রামের বটতলা এলাকায় কুলসুমের চায়ের দোকানের সামনে রাস্তার ওপর একজন ব্যক্তি গাঁজা ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে অবস্থান করছেন। পরে পুলিশ সেখানে অভিযান চালিয়ে দামুড়হুদা পুরাতন বাজারপাড়ার মৃত আবুল হোসেনের ছেলে নাজমুল হোসেনকে আটক করে।

উপস্থিত সাক্ষীদের সামনে তার দেহ তল্লাশি করে পরিহিত প্যান্টের সামনের ডান পকেট থেকে সাদা কাগজে মোড়ানো ৩ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে বিধি মোতাবেক জব্দ তালিকার মাধ্যমে গাঁজাটি জব্দ করে তাকে থানায় নিয়ে আসে পুলিশ।

পরবর্তীতে আসামিকে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য চুয়াডাঙ্গার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সংক্ষিপ্ত বিচার আদালত) আদালতে উপস্থাপন করা হলে বিজ্ঞ আদালত তাকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, ‘গাঁজাসহ একজনকে গ্রেপ্তার করে গতকালই চুয়াডাঙ্গার বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।’ তিনি আরও বলেন, ‘মাদকবিরোধী অভিযান অব্যাহত রয়েছে।’

গাংনীর কাজিপুর সীমান্তে ১২ লাখ টাকা মূল্যের মাদক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুরের মাঠপাড়া নামক এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ০৮ বোতল ভারতীয় মদ, ৪,০০০ পিস সাইপ্রোহেপ্টাডিন উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

গতকাল বৃহস্পতিবার রাতে কাজিপুরের মাঠপাড়া এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল উদ্ধার করা হয়।

বিজিবির প্রেস বিজ্ঞপ্তির সূত্রে জানা গেছে কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ মাঠপাড়া থেকে মালিকবিহীন অবস্থায় ০৮ বোতল ভারতীয় মদ, ৪,০০০ পিস সাইপ্রোহেপ্টাডিন উদ্ধার করা হয় যার আনুমানিক মূল্য ১২,১২,০০০ টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান, অবৈধ পারাপারসহ সকল প্রকার সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করে আসছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।